

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় নতুন প্রক্টরিয়াল বডি নিয়োগ

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▶

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নতুন প্রক্টরিয়াল বডি নিয়োগ নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সাবেক প্রক্টর মো. নজিবুর রহমানের পদত্যাগের পর বিশ্ববিদ্যালয় প্রশাসন ১১ সদস্যের নতুন এই প্রক্টরিয়াল বডির নিয়োগ দিল। গতকাল সোমবার রাত সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক হাফিজিত এক অফিস অর্ডারে এ নতুন প্রক্টরিয়াল বডিকে দায়িত্ব পেরিয়ে কথা বলা হয়।

নতুন প্রক্টর হিসেবে দায়িত্ব পেয়েছেন রনায়ন বিভাগের শিক্ষক অধ্যাপক ড. তপন কুমার সাহা। এর সঙ্গে আরো ১০ শিক্ষক সহকারী প্রক্টর হিসেবে নিয়োগ পেয়েছেন। তারা হলেন বাংলা বিভাগের সহকারী অধ্যাপক নাজমুল হাসান আদুকদার, প্রত্নতত্ত্ব বিভাগের দিকদার মো. মুলকারনাইন, গ্রাণ্ডরনায়ন ও অণুপ্রাণ বিভাগের সহকারী অধ্যাপক সৈদিকা আক্তার ও প্রভাষক মো. নাহমুল হাসান, মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক নিগার সুলতানা, পদার্থবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক হুমায়ুন কবির, জর্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের প্রভাষক শেখ আমদান ফাহাদ, প্রাণিবিদ্যা বিভাগের প্রভাষক মো. ইনামুল হক জুগল ও পরিবেশ বিভাগের প্রভাষক বেহেদী ইকবাল ও প্রভাষক তসজিনুস হক মোস্তা। অফিস অর্ডারে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি বিবেচনা করে সহকারী প্রক্টরের পদ থেকে সহকারী প্রক্টর কাজী সাইফুল ইসলাম, ইব্রাহিম খালেদ, শামীমা নাসরিন জলি, মীর মাসুদুল আলম ও এম এম ময়ূর উকিনকে অব্যাহতি প্রদান করা হয়েছে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ প্রক্টরিয়াল বডিকে দায়িত্ব প্রদান করা হলো।